

Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 17 April, 2025

জামালপুরের বকশীগঞ্জ সীমান্তবর্তী পিলারের কাছ থেকে দুই বাংলাদেশীকে আটক করেছে জামালপুর ৩৫ বিজিবির সদস্যরা।

বুধবার (১৬ এপ্রিল) দিবাগত রাত সাড়ে ৯ টার দিকে ধানুয়া কামালপুর ইউনিয়নের মাজার টিলা এলাকা থেকে দুই বাংলাদেশীকে ভারতে অবৈধভাবে অনুপ্রবেশের সময় আটক করে বিজিবির সাতানী পাড়া সীমান্ত ফাঁড়ির সদস্যরা।

বৃহস্পতিবার (১৭ এপ্রিল) দুপুরে জামালপুর ৩৫ বিজিবির পক্ষ থেকে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এতথ্য জানানো হয়।

বিজিবির হাতে আটকককৃতরা হলেন ভোলা জেলার সদর থানার বেদুরিয়া গ্রামের লিটন গাজীর ছেলে খোকন গাজী (৩১) ও ময়মনসিংহ জেলার ত্রিশাল থানার এলংজানী গ্রামের আব্দুল জব্বারের ছেলে সোহেল রানা (৩২)।

প্রেস বিজ্ঞপ্তি সূত্রে জানা যায়, কাজের উদ্দেশ্যে ওই দুই বাংলাদেশী বুধবার রাতে বকশীগঞ্জ উপজেলার সীমান্তবর্তী ১০৮৬ পিলারের কাছে মাজার টিলা এলাকা দিয়ে ভারতে অনুপ্রবেশের চেষ্টা করে। এসময় জামালপুর ৩৫ বিজিবির সাতানী পাড়া বিওপির টহলরত সদস্যদের সন্দেহ হলে তাদের আটক করা হয়।

পরে জিজ্ঞাসাবাদে কাজের উদ্দেশ্যে ভারতে যাচ্ছিলেন বলে স্বীকার করেন ওই দুই বাংলাদেশী।

আটকের সময় তাদের কাছ থেকে ভারতীয় ২ আধার কার্ড, ৩ টি মোবাইল, ৫ টি সিম কার্ড, দুটি সার্জার ও কিছু নগদ টাকা উদ্ধার করা হয়। পরে বকশীগঞ্জ থানায় ওই দুইজনকে হস্তান্তর করা হয়েছে।

বকশীগঞ্জ থানার ওসি খন্দকার শাকের আহমেদ জানান, ভারতে অনুপ্রবেশের চেষ্টাকালে বিজিবির হাতে দুই বাংলাদেশী আটকের বিষয়ে থানায় আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

জামালপুর বিজিবি বাংলাদেশী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 19:43

URL: <https://timestodaybd.com/across-the-country/970775807>